গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৬
সরকারী পরিবহন পুল ভবন
সচিবালয় লিংক রোড, ঢাকা।
www.lawjusticediv.gov.bd

নং-আর-৬/৭এন-৮/২০১৫-১৬৫ তারিখ-২১/০৩/২০১৭ খ্রিঃ।

**বিষয়ঃ বাল্যবিবাহ প্রতিরোধে নোটারী পাবলিক কর্তৃক প্রদত্ত বয়স নির্ধারণের ক্ষেত্রে এফিডেভিট ব্যবহার বন্ধ করণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, বাল্যবিবাহ প্রতিরোধের মাধ্যমে বাংলাদেশের নারীদের নিরাপদ কৈশোর নিশ্চিতকরণের লক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রী নানাবিধ উদ্যোগ গ্রহণ করেন। এ লক্ষ্যে বাল্যবিবাহ নিরোধ আইন, ১৯২৯ কার্যকর রয়েছে। কিন্তু, সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, নোটারী পাবলিক হতে নাবালক ছেলে-মেয়েদের বিবাহ সংক্রান্ত এফিডেভিট সম্পন্ন করা হচ্ছে। এ সকল এফিডেভিটে প্রকৃত বয়সের চেয়ে অধিক বয়স উল্লেখ করা হচ্ছে এবং এর ওপর ভিত্তি করে বিবাহ নিবন্ধকগণ বিবাহ কার্য সম্পন্ন করছেন। বাল্যবিবাহ রোধের এই মহৎ কর্মসূচিতে নোটারী পাবলিক ও বিবাহ নিবন্ধকগণ সহায়তার পরিবর্তে অনেক ক্ষেত্রে বাধা হয়ে দাঁড়াচ্ছে।

এমতাবস্থায়, বাল্যবিবাহের মত সামাজিক ব্যাধি দূরীকরণ, নারীর ক্ষমতায়ন এবং টেকসই উন্নয়নের লক্ষ্যমাত্রা (Sustainable Development Goal) অর্জনের লক্ষ্যে বাল্যবিবাহ প্রতিরোধে বিয়ের বয়স নির্ধারণের ক্ষেত্রে জন্ম সনদপত্র অথবা শিক্ষাগত যোগ্যতার সনদপত্রে উল্লিখিত বয়সকে প্রকৃত বয়স হিসেবে বিবেচনা করার লক্ষ্যে সকল বিবাহ নিবন্ধককে নির্দেশনা প্রদান করা হলো এবং যে সব নোটারী পাবলিক এফিডেভিটের মাধ্যমে নাবালক/নাবালিকার প্রকৃত বয়সকে গোপন রেখে বাল্য বিবাহে সহায়তা প্রদান করবেন তাদের বিরুদ্ধে আইনত ব্যবস্থা গ্রহণ করা হবে। উক্ত নির্দেশাবলী সংশ্লিষ্ট নোটারী পাবলিকগণকে অবহিতকরণের জন্য সকল বিজ্ঞ জেলা জজ, জেলা প্রশাসক এবং আইনজীবী সমিতির সভাপতিকে অনুরোধ করা হলো।

স্বাঃ
(মোঃ আনোয়ারুল হক)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৬৬০১০।

নং-আর-৬/৭এন- ৮/২০১৫-১৬৫ তারিখ-২১/০৩/২০১৭ খ্রিঃ।

<u>অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনী ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)</u>

১. সিনিয়র সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। বিজ্ঞ জেলা জজ--------------------------------------।
৩। জেলা প্রশাসক-----------------------------------।
৪। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, আইন,বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
৫। উপ-সচিব (প্রঃ-২) , আইন ও বিচার বিভাগ, আইন,বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
৬। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ, আইন,বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
৭। সভাপতি, আইনজীবী সমিতির -----------------------।
৮। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৯। অফিস কপি।
১০। গার্ড ফাইল।

২১/০৩/২০১৭
(মোঃ আনোয়ারুল হক)
সিনিয়র সহকারী সচিব